

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
(প্রশাসন-১ শাখা)

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.০৮২.০০১.২০০২-৯০০

তারিখ ০৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
২২ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত দফতর বৈদ্যুতিক সংযোগ স্থাপন সতর্কতা বাড়ানো, সংযোগ ব্যবস্থা নিয়মিত পর্যবেক্ষণ এবং পরীক্ষা-পরীক্ষা করা, পুরানা, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ লাইন মেরামত ও পরিবর্তন করা প্রসঙ্গে।

সূত্রঃ- সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর পত্র-৫৮.০০.০০০.০৫২.০৫.০০২.১৫-৬৭৬(৫০), তারিখ-০৭-০৯-২০১৭খ্রিঃ।

উপযুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি যানবাহন অর্থাৎ যাত্রী বিদ্যুৎ লাইন বা স্টেশন ক্রটি বা অবহেলার জন্য সংঘটিত ব্যাপক অগ্নিকাণ্ডের বিষয়ে উদ্বেগ প্রকাশ করে জরুরি ভিত্তিতে সকল বড় বড় প্রতিষ্ঠানের বৈদ্যুতিক সংযোগ ব্যবস্থা বিশেষভাবে পরীক্ষা করা সরকার মর্মে অভিমত প্রকাশ করেছেন।

সারা দেশে প্রায় চার লাখ কিলোমিটার বিদ্যুৎ বিতরণ লাইন রয়েছে। অনেক বিদ্যুৎ লাইন বহুপূর্বে স্থাপন করা হয়েছে। অনেক বিদ্যুৎ লাইনের জরাজীর্ণ তাল। বাঁশের খুঁটি ও গাছপালা দিয়ে বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদির উপর দিয়ে অনেক বিদ্যুৎ লাইনের সংযোগ দেয়া হয়েছে। ফলে, প্রতিনিয়ত ঝুঁকিতে বসবাস করছে অনেক এলাকার জনগন। এ সব বিদ্যুৎ লাইনের সতর্কতামূলক ব্যবস্থা না থাকায় প্রার প্রতিমাসেই অগ্নিকাণ্ড সংঘটিত হচ্ছে এবং জানমানের ব্যাপক ক্ষয়ক্ষতি হচ্ছে।

বিদ্যুৎ লাইনের ক্রটি বিদ্যুতি অপসারণ করে সতর্কতা বাড়ানোর হলে এ ধরনের দুর্ঘটনা অনেকাংশেই প্রতিরোধ করা সম্ভব। এ বিষয়ে সচেতনতা তৈরিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ ক্ষেত্রে সকল সরকারি বেসরকারি অফিসের বিদ্যুৎ লাইনের সতর্কতা বাড়ানো, বিদ্যুৎ লাইন নিয়মিত পর্যবেক্ষণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং নিজস্ব নিরাপত্তার স্বার্থে উপযুক্ত ধারণা প্রদান করার উদ্যোগ গ্রহণের জন্য অর্থ বিভাগের সিনিয়র সচিব মহোদয় আধা সরকারি পত্রমূলে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ২০-০৮-২০১৭ তারিখে পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। (কপি সংযুক্ত)।

অগ্নি নিরাপত্তার স্বার্থে সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের বিদ্যুৎ লাইন নিয়মিত পরীক্ষা করে ক্রটি বিদ্যুতি অপসারণসহ বৈদ্যুতিক সংযোগ স্থাপনে সতর্কতা বাড়ানো, সংযোগ ব্যবস্থা নিয়মিত পর্যবেক্ষণ, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ লাইন মেরামত ও পরিবর্তন করার বিষয়ে অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

বর্ণিত অবস্থায়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তথা সরকারি পরিবহন পুল ভবনের বিদ্যুৎ লাইন নিয়মিত পরীক্ষা করে ক্রটি বিদ্যুতি অপসারণসহ বৈদ্যুতিক সংযোগ স্থাপনে সতর্কতা বাড়ানো, সংযোগ ব্যবস্থা নিয়মিত পর্যবেক্ষণ, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ লাইন মেরামত ও পরিবর্তন করার বিষয়ে বিদ্যুৎ ব্যবস্থাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত

(মোঃ জহুরুল হক)

উপসচিব (প্রশাসন-১)

টেলিফোনঃ ৯৫৬৮২০১

dsadmin1@moiwa.gov.bd

প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১৮০.১১/৩৬৭(৩০) হি-১

তারিখ ০৮/০৭/১৪২৪ বঙ্গাব্দ  
০২/১০/২০১৭ খ্রিঃ

সদস্য অকৃতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী..... গণপূর্ত জোন.....
- ০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী..... গণপূর্ত সার্কেল.....
- ০৪) গার্ড ফাইল, হিমাচ শাখা-১, অত্র অধিদপ্তর, ঢাকা।

(মোঃ মোঃ উল্লাহ আলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।